গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.gsb.gov.bd
ফেসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮. ৪৭৯

০৫ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন টিম এর ৫৩ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন টিমের ৫৩ তম সভা গত ১৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি: তারিখ, রোজ সোমবার অপরাহ্ন ২.৩০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। জিএসবি'র উদ্ভাবকগণকে প্রশংসাসূচক সনদপত্র এবং ক্রেস্ট প্রদানের অফিস আদেশ জারী হওয়ায় আগামী ০৬ এপ্রিল, ২০২০ তারিখে মনোনীত কর্মকর্তাগণকে সনদপত্র/ক্রেস্ট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করার বিষয়ে আলোচনা করা হয়। দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দপ্তর/সংস্থার (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিপিআই, বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট, বিস্ফোরক পরিদপ্তর, বাপেক্স) এর প্রতিনিধিগণকে নিয়ে আগামী ০৮ এপ্রিল, ২০২০ সময়ে জিএসবিতে প্রোগ্রামটি আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। ২০১৯-২০২০ অর্থবছরে নাগরিক সেবায় উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে প্রশিক্ষণগ্রহণকারী কর্মকর্তাগণের ফিডব্যাক প্রাপ্তি এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য আগামী ২৪/০২/২০২০ তারিখে মতবিনিময় সভা জিএটিসির মাধ্যমে আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। ইনোভেশন শোকেসিং, বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন ও প্রকাশনা এবং আউটকাম স্টাডি বিষয়ে আলোচনা হয়। ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী উদ্যোগ 'খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে খনন পরবর্তী কেসিং রিকভারির উপযোগী হাইড্রোলিক পাওয়ার প্যাক উদ্ভাবন' পাইলটিং বাস্তবায়নের জন্য গত ০৮/১২/২০২০ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছিল। বর্ণিত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য ইনোভেশন আইডিয়া প্রদানকারী টিম লিডার জনাব মোঃ মহিরুল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল) কর্তৃক প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এবং কারিগরী বিনির্দেশ মহাপরিচালক মহোদয় বরাবর জমা প্রদান করা হয়েছিল। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ক্রম ৬.২.১ অনুযায়ী আগামী ০১/০৩/২০২০ তারিখের মধ্যে পাইলটিং বাস্তবায়ন মূল্যায়নের নির্দেশনা রয়েছে। উক্ত আইডিয়া প্রদানকারী টিম লিডার জানান যে, প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়/অর্থ বরাদ্দ না হওয়ায় তাঁরা বর্ণিত সময়ের মধ্যে পাইলটিং করতে সক্ষম হবেন না কিন্তু প্রয়োজনীয় যন্ত্রপাতি বরাদ্দ করা হলে দ্রুততম সময়ের মধ্যে তাঁরা কাজটি সম্পন্ন করতে পারবেন। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ক্রম ৩.২.১ অনুযায়ী চলতি অর্থবছরে জিএসবি'র উদ্ভাবন খাতে বরাদ্দকৃত অর্থের ৯০% (অসাধারণ) হতে ৭০% (চলতি মানের নিম্নে) ব্যয়ের উল্লেখ রয়েছে। সংশ্লিষ্ট উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য অর্থ ব্যয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে মহাপরিচালক মহোদয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।

৩.০ **সিদ্ধান্তসমূহ:** বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. জিএসবি'র উদ্ভাবক কর্মকর্তাগণকে প্রশংসাসূচক সনদপত্র এবং ক্রেস্ট আগামী ০৬ এপ্রিল, ২০২০ তারিখে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হবে।

৩.২. দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দপ্তর/সংস্থার (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিপিআই, বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট, বিস্ফোরক পরিদপ্তর, বাপেক্স) এর প্রতিনিধিগণকে নিয়ে আগামী ০৮ এপ্রিল, ২০২০ সময়ে জিএটিসির মাধ্যমে জিএসবিতে প্রোগ্রামটি আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.৩. ২০১৯-২০২০ অর্থবছরে নাগরিক সেবায় উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে প্রশিক্ষণগ্রহণকারী কর্মকর্তাগণের ফিডব্যাক প্রাপ্তি এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য জিএটিসির মাধ্যমে আগামী ২৪/০২/২০২০ তারিখে মতবিনিময় সভা আয়োজন করা হবে।

৩.৪. ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত দুইটি উদ্ভাবনী উদ্যোগ ইনোভেশন শোকেসিং, বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন ও প্রকাশনা এবং আউটকাম স্টাডির জন্য সংশ্লিষ্ট আইডিয়া প্রদানকারী টিম লিডারগণকে পত্র প্রদান করা হবে।

৩.৫. উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ক্রম ৩.২.১ অনুযায়ী চলতি অর্থবছরে জিএসবি'র উদ্ভাবন খাতে বরাদ্দকৃত অর্থের ব্যয়ের ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হবে।

৪.০. সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন।

২৬.২.২০

(সাইদুল হোসেন)
পরিচালক (ভূতত্ত্ব)
সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি
ফোনঃ ৫৮৩১২২১৬৮
E-mail: hossain747@gmail.com

০৫ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮. তারিখ: ১৮ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (নামের তালিকা জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)</u>

১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

২) জনাব মঈন উদ্দীন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।

৩) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।

৪) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৫) জনাব আরিফ মাহমুদ, উপ-পরিচালক (প্রকাশনা ও পশিক্ষণ), জিএসবি, ঢাকা।

৬) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৭) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৮) জনাব মোঃ ফারুক হাছান, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৯) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১) নথিতে সংরক্ষণের জন্য।

জারীকৃত
স্বাক্ষর
তারিখ- ১৮-০২-২০২০

২৬/০২/২০২০

(রাজিব কুমার সাহা)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)
সদস্য সচিব
ইনোভেশন টিম, জিএসবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.gsb.gov.bd

## উপস্থিতি বিবরণী

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র ইনোভেশন টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে ইনোভেশন টিমের ৫৩ তম সভা (২০১৯-২০২০ সভা অর্থবছরের ৫ম সভা) অনুষ্ঠিত হয়।

**তারিখ:** ১৭/০২/২০২০খ্রি:
**সময়:** অপরাহ্ণ ২.৩০ ঘটিকা
**স্থান:** জিএসবি'র ২য় তলার সভাকক্ষ

**সভায় উপস্থিত** কমিটির সদস্যগণের উপস্থিতি বিবরণী নিম্নে উল্লেখ করা হলো:

| ক্রম | নাম ও পদবী (ক্রম তালিকা জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | মোহাম্মদ আশরাফুল কামাল<br>পরিচালক (ভূতত্ত্ব) | ১৭.০২.20 |
| ২. | মো: কামরুল হাসান<br>[illegible] (ভূতত্ত্ব) | ১৭.২.20 |
| ৩. | রাজিব কুমার সাহা<br>সহকারী পরিচালক | ১৭/০২/২০২০ |
| ৪. | | |
| ৫. | | |
| ৬. | | |